আশুলিয়ায় কাজে ফিরেছেন শ্রমিকরা, সতর্ক অবস্থানে আইনশৃঙ্খলা বাহিনী



ছবি: সংগৃহীত

টানা পাঁচ দিনের উত্তেজনা ও শ্রমিক অসন্তোষের পর সাভার-আশুলিয়া শিল্পাঞ্চলে ফিরতে শুরু করেছে স্বাভাবিক কর্মপরিবেশ। বৃহস্পতিবার (৫ নভেম্বর) সকাল থেকে কঠোর নিরাপত্তার মধ্যে কারখানায় কাজে যোগ দিয়েছেন শ্রমিকরা। ডিইপিজেডসহ অধিকাংশ কারখানায় উৎপাদনও শুরু হয়েছে।

সকালে কয়েকটি এলাকায় শ্রমিকদের শান্তিপূর্ণ মিছিল করতে দেখা গেলেও বড় ধরনের কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। মিছিল শেষে তাঁরা সড়ক ছেড়ে দেন। তবে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সাভার ও আশুলিয়ার কিছু কারখানায় আজও ছুটি ঘোষণা করেছে কর্তৃপক্ষ।

এদিকে আশুলিয়া-বাইপাইল সড়কের নিশ্চিন্তপুর এলাকায় কয়েকটি কারখানায় ছুটি ঘোষণা করা হলে শ্রমিকদের জড়ো হওয়ার চেষ্টা করতে দেখা যায়। পুলিশের তৎপরতায় তাঁরা দ্রুত সরে গিয়ে পরে শান্তিপূর্ণ মিছিল করেন। অন্যদিকে সকাল ১০টা পর্যন্ত হেমায়েতপুর এলাকার পরিস্থিতি স্বাভাবিক ছিল বলে জানিয়েছেন ট্যানারি ফাঁড়ির ইনচার্জ মহিদুল ইসলাম।

সরেজমিনে দেখা গেছে, শ্রমিকদের কেউ কারখানার নিজস্ব পরিবহনে, কেউ হেঁটে কর্মস্থলে গেছেন। কারখানাগুলোর সামনেও ছিল স্বাভাবিক উপস্থিতি।

অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে শিল্পাঞ্চলের গুরুত্বপূর্ণ স্থানে বিজিবি ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অতিরিক্ত সদস্য মোতায়েন করা হয়েছে। চলছে বিজিবির বিশেষ টিমের টহল ও ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রম।

শিল্প পুলিশ-১-এর পুলিশ সুপার মোমিনুল ইসলাম ভূঁইয়া বলেন, সাভার-আশুলিয়া শিল্পাঞ্চলের সব এলাকায় শ্রমিকেরা শান্তিপূর্ণভাবে কাজে ফিরেছেন। শ্রমিক অসন্তোষ এড়াতে পুলিশ সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে।